শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

# চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি -২
বাবুরহাট, চাঁদপুর।

যোগাযোগ:
টেলিফোন: ০৮৪১-৬৫১১১ (অফিস)
ই-মেইল:chandpurpbs2@gmail.com
ওয়েবসাইট: pbs2.chandpur.gov.bd

স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০২.০১৯.২২. ৮৬৭০

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঃ
০৬ জুন ২০২২ খ্রিঃ

বিষয়: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে চাঁদপুর পবিস-২ এর কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ সাময়িক জীবন বীমা করনের জন্য দরপত্র আহবান (দরপত্র নং: ৩৬/২০২১-২০২২)।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ কর্মরত ২৫৯ জন কর্মকর্তা/কর্মচারীর গ্রুপ বীমা করনের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইসেন্স প্রাপ্ত বীমা কোম্পানীর নিকট হতে নিম্নের বর্ণনা অনুযায়ী নিম্নোক্ত শর্তাধীনে বীমা করণের জন্য বীমা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| বীমা ভূক্ত মোট কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | বীমা অংক | বীমার বিবরণ | মোট বীমা অংক | একক প্রিমিয়াম (প্রতি হাজারে) | মোট প্রিমিয়ামের (টাকা) |
|---|---|---|---|---|---|
| ২৫৯ জন (কম বেশি হতে পারে) | বীমা অংক হবে প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারীদের ২৪ মাসের মূল বেতনের সমপরিমান (৫ লক্ষ টাকার উর্দ্ধে নয়) হিসাবে সবমোট বীমা মূল্য | গোষ্ঠী সাময়িক জীবন বীমা (GT)<br>দূর্ঘটনার কারনে মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপুরন বীমা (ADB)<br>দূর্ঘটনা জনিত কারনে সম্পূর্ন অঙ্গহানী বীমা (PTD)<br>দূর্ঘটনার কারনে আংশিক অক্ষমতা বীমা (PPD) | ১২৮৬১০৮৮০/- | | |
| | | | | মোট= | |

০১। আগ্রহী দরদাতাগণ নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখ পূর্বক খামের মুখ সীলগালা করে আগামী ১৪/০৬/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত-১২২৯, ঢাকা অথবা চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর এ ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত দরপত্র স্ব স্ব স্থানে একই দিন অর্থাৎ আগামী ১৪/০৬/২০২২ খ্রিঃ তারিখ বেলা ২:০৫ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে "কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমা করনের দরপত্র" কথাটি লিখতে হবে।

০৩। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসাবাদ থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৪। দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষাঘষি এবং ফ্লুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৫। বীমা চুক্তির মেয়াদ আগামী ০৩ (তিন) বৎসরের জন্য করা হবে। উল্লেখ্য যে, প্রতি বছর প্রিমিয়াম বিল দাখিল সাপেক্ষে চুক্তি নবায়ন করা হবে।

০৬। একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে প্রিমিয়াম পরিশোধ করা হবে।

০৭। বীমা চুক্তির মেয়াদে কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যুতে দ্রুত দাবী পরিশোধ করতে হবে।

০৮। বীমা চুক্তির মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারীদের বীমাভূক্ত করার সুযোগ থাকতে হবে।

০৯। দুর্ঘটনাজনিত মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপূরণ, দুর্ঘটনাজনিত কারনে স্থায়ী এবং আংশিক অক্ষমতা জনিত ক্ষতিপূরণ সুবিধা অন্তর্ভুক্ত থাকতে হবে।

১০। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বীমা চুক্তি সম্পাদন করতে হবে। উল্লেখ্য, কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বাংলা ভাষায় বীমা চুক্তি সম্পাদন করতে হবে অথবা বাংলা ও ইংরেজী উভয় ভাষায় বীমা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। বীমা সম্পন্নের ০৭ দিনের মধ্যে বিল দাখিল করতে হবে এবং সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে। কার্যাদেশ প্রদানের সময় বীমাভুক্ত কর্মকর্তা/কর্মচারীর কম/বেশী হতে পারে।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই বা শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। দাখিলকৃত দরপত্রে লভ্যাংশ ভাগাভাগির বিষয়টি উল্লেখ করতে হবে।

১৪। বীমা চুক্তি মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারীকে বীমা ভুক্ত করার সুযোগ থাকতে হবে। বীমাকৃত কর্মকর্তা/কর্মচারীকে সার্বক্ষনিক বীমা নিরাপত্তা প্রদান করতে হবে। বীমাকৃত যে কোন কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুতে দ্রততার সাথে অর্থ পরিশোধ করতে হবে।

১৫। দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট ও আয়কর সনদ এবং সরকার কর্তৃক নিবন্ধিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৬/০৬/২২
(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) নোটিশ বোর্ডের টানানোর অনুরোধসহ:**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **(বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)।**

০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো)।

০৩। জেলা প্রশাসক, চাঁদপুর।

০৪। পুলিশ সুপার, চাঁদপুর।

০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, চাঁদপুর।

০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/গণপূর্ত/এলজিইডি, চাঁদপুর।

০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, চাঁদপুর।

০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ............................................................ পবিস-১/২/৩/৪।

০৯। উপজেলা নির্বাহী অফিসার, ............................................ উপজেলা, চাঁদপুর।

১০। ডিজিএম,সদর দপ্তর-কারিগরী/ফরিদগঞ্জ/মতলব দক্ষিণ/মতলব উত্তর জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।

১১। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/আইটি), চাঁদপুর পবিস-২।

১২। এজিএম (ওএন্ডএম), কামতা/হাইমচর সাব-জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।

১৩। এজিএম (আইটি), চাঁদপুর পবিস-২ (বিজ্ঞপ্তি ই-মেইলে প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতসহ প্রমাণক সংরক্ষণ করবেন)

১৪। নোটিশ বোর্ড।

১৫। i) ডিজিএম, ফরিদগঞ্জ জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
ii) সহ: প্রকৌশলী (প্র: বিভাগ), বাপবিবো, চাঁদপুর।
iii) এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), চাঁদপুর পবিস-২।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার